নথিভুক্ত নং-........৪৮৬........
সংরক্ষিত ফাইল নং-........
গ্রহণের তারিখ:........১৮/০৬/২৫........

গ্রহিতার স্বাক্ষর

# জাতীয় বিশ্ববিদ্যালয়
## বাংলাদেশ
### পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

প্রঃ সঃ/প্রয়োজনীয় ব্যবস্থা নিন
18/06/2025

স্মারক নং জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী/২০০৬/৩১২/৫৪০৭ তারিখ : ১৮/০৬/২০২৫

# প্রতিবন্ধী পরীক্ষার্থীদের অতিরিক্ত ৩০(ত্রিশ) মিনিট সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সূত্র: (ক) শিক্ষামন্ত্রাণালয়ের পরিপত্র স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৩.০৩৬.১৪.৪৯৫, তারিখ: ২৯/০৯/২০১৫
(খ) জাতীয় বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলের ৯৭তম সভার কার্যবিবরণী সিদ্ধান্ত-১৪, তারিখ: ৮/০৬/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার কলেজ কেন্দ্রে ২০২৩ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে প্রতিবন্ধী (অটিস্টিক, ডাউন সিনড্রোম, সেরিব্রালপলসি) পরীক্ষার্থী থাকলে নিম্নবর্ণিত শর্তে ৩০(ত্রিশ) মিনিট অতিরিক্ত সময় প্রাপ্য হবে।

শর্তসমূহ:

১। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রতিবন্ধী সনদ থাকতে হবে।

২। পরীক্ষা শুরুর পূর্বে অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রতিবন্ধী পরীক্ষার্থীদের তথ্য (প্রবেশপত্রের কপি ও প্রতিবন্ধী সনদের কপি) যাচাইপূর্বক পরীক্ষা গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

৩। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রতিবন্ধী পরীক্ষার্থীদের তথ্য (প্রবেশপত্রের কপি ও প্রতিবন্ধী সনদের কপি) পরীক্ষা নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট উপ-পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করবেন। -

৪। প্রতিবন্ধী পরীক্ষার্থীদের উত্তরপত্র পৃথকভাবে গালাসীল করে জনাব মোঃ নজরুল ইসলাম তালুকদার, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪-এই ঠিকানায় পাঠাতে হবে। প্যাকেটের উপরে "<u>প্রতিবন্ধী পরীক্ষার্থীর উত্তরপত্র</u>" লাল কালিতে লিখতে হবে।

১৮/০৬/২৫
(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭

---

অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১৯/০৬/২০২৫ খ্রি.

## বিজ্ঞপ্তি

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী, ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় প্রতিবন্ধী পরীক্ষার্থীরা বর্ণিত শর্তে ৩০ (ত্রিশ) মিনিট অতিরিক্ত সময় প্রাপ্য হবে।

19.06.2025
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

১৯/০৬/২০২৫

বিতরণ:
১। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
২। আহ্বায়ক, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষা-২০২৩ কমিটি, রাঙ্গামাটি সরকারি কলেজ কেন্দ্র, রাঙ্গামাটি;
৩। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাকে কলেজের ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশ দেওয়া গেল;
৪। সংরক্ষণ নথি।